



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১২-০৯

তারিখ : ১৩ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ
৩০ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

চাউল রপ্তানী সংক্রান্ত এস,আর,ও প্রসংগে।

এ বিভাগ থেকে ১০-০৭-২০১১ তারিখে জারীকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/
২০১১-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ০৪ জুন ২০১২ তারিখে
জারীকৃত এস,আর,ও নং ১৪৯-আইন/২০১২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **অপর**
পৃষ্ঠায় **হুবহু** পুনঃমুদ্রিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাহিন্য মন্ত্রণালয়

বাহিন্য শাখা-১

আদেশ

তারিখ, ২০ জ্যৈষ্ঠ ১৪১৯ বঙ্গাব্দ/৩ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ১৪৯-আইন/২০১২—Imports and Exports (Control) Act, 1950 (Act XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উহার ২০ জুন, ২০১১ তারিখে জারিকৃত আদেশ নং এস.আর.ও ১৯১-আইন/২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশের—

(১) প্রথম প্যারার উল্লিখিত “সকল প্রকার চাউল” শব্দগুলির পূর্বে “সুগন্ধি চাউল ব্যতীত” শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(২) প্রথম প্যারার পর ব্যাখ্যাসহ নিম্নরূপ একটি নূতন প্যারা সংযোজিত হইবে, যথাঃ—

“সুগন্ধি চাউল রপ্তানীর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হইবে, যথাঃ—

“এই আদেশ জারীর তারিখ হইতে ৬ (ছয়) মাস সময়ের মধ্যে সুগন্ধি চাউল রপ্তানী করা যাইবে এবং উক্ত তারিখের মধ্যে রপ্তানী সংশ্লিষ্ট জাহাজীকরণের কাজ সম্পন্ন করিতে হইবে।”

ব্যাখ্যাঃ এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে “সুগন্ধি চাউল” অর্থে কালিজিরা, চিনিওড়া, বাদশাজোগ, দুলাভোগ, কাটারীভোগ, রাধুনীপাগল, জটাবাশফুল, কুলশীমালা, বিআর-৫, বিআর-৩৪, বিআর-৩৭ ও বিআর-৩৮ অন্তর্ভুক্ত হইবে।”।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জেহসান ইসলাম

উপ-সচিব।

মোঃ আবু ইউসুফ (মুদ্রা-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৪৪৭১)

মূল্য : টাকা ৪.০০